

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনিস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত সহজিকৃত সেবাসমূহঃ

ক্রমিক নং	অর্থ-বছর	সহজিকৃত সেবার নাম	সহজিকৃত সেবার বিবরণ এবং অগ্রগতি	মন্তব্য
১	ইনোভেশন টিমের সভায় অনুমোদিত ২০১৬-২০১৭	নমুনা বিশ্লেষণ গ্রহণ প্রক্রিয়া সহজীকরণ	সেবা গ্রহিতার নিকট থেকে গ্রহণকৃত মৃত্তিকা ও সার নমুনা বিশ্লেষণের পর বিশ্লেষিত ফলাফল সংগ্রহের জন্য মোবাইল ফোনে ক্ষুদ্রে বার্তার মাধ্যমে অবহিতকরণ।	সেবাটি সাময়িকভাবে বন্ধ রয়েছে।
২	ইনোভেশন টিমের সভায় অনুমোদিত ২০১৭-২০১৮	মোবাইল অ্যাপস এর মাধ্যমে ফসল চাষে সার সুপারিশ	অনলাইনের পাশাপাশি মোবাইল অ্যাপস এর মাধ্যমে সেবা গ্রহিতাগণ কাঙ্ক্ষিত ফসল চাষে সার সুপারিশ জানতে পারছে।	মোবাইল অ্যাপসটি আপগ্রেডেশনের প্রয়োজন।
৩	১৩/১০/২০১৯ তারিখ সংশ্লিষ্ট সেবাটি বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়। ২০১৯-২০২০	ভূমি ও মৃত্তিকা ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য উপাত্ত সরবরাহ	“ভূমি ও মৃত্তিকা ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য উপাত্ত সরবরাহ” সহজিকরণের লক্ষ্যে একজন সেবাগ্রহিতা নির্ধারিত +৮৮০-২-৯১২০৭১৯ ফোন নম্বরে ফোন করে বিভিন্ন তথ্য/ সমস্যা/ চাহিদা জানানোর প্রেক্ষিতে তাৎক্ষণিক সেবা লাভ করছে। অথবা চাহিত তথ্য আবেদনকারীর নিকট ফিরতি কল/ ইমেইল/ ডাকের মাধ্যমে প্রদান করা হয়।	এসআরডিআই এর ভবন নির্মাণ ও জনবলের ঘাটতির কারণে সেবাটি বন্ধ রয়েছে।
৪	১৫/১০/২০২০ তারিখ সংশ্লিষ্ট সেবাটি বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়। ২০২০-২০২১	হাতের নাগালে সার সুপারিশ কার্ড	নির্ধারিত ইউনিয়নের ইউনিয়ন পরিষদ অফিস অথবা অন্য কোনো সুবিধাজনক স্থানে কৃষক সমাবেশের মাধ্যমে কৃষকের চাহিদা মোতাবেক পূর্বে প্রস্তুতকৃত সার সুপারিশ কার্ড বিতরণ করা হচ্ছে। অথবা, পূর্বে প্রস্তুতকৃত সার সুপারিশ কার্ড নির্ধারিত ইউনিয়নের ইউডিসি (UDC) থেকেও বিতরণ করা হচ্ছে।	সেবাটি চলমান রয়েছে।
৫	০৩/০২/২০২২ তারিখ সংশ্লিষ্ট সেবাটি বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়। ২০২১-২০২২	মানচিত্রে মৃত্তিকা তথ্য	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এর লক্ষ্যে সরকারি দপ্তর/সংস্থাসমূহকে দেশব্যাপী সকল শ্রেণীর মানুষের দোরগোড়ায় দ্রুত, স্বচ্ছ ও হয়রানিমুক্ত সেবা পৌঁছে দেওয়ার নিমিত্ত সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহকে সহজিকরণের নির্দেশ প্রদান করা হয়েছে। এরই প্রেক্ষিতে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনিস্টিটিউটের সিটিজেন চার্টারভুক্ত দাপ্তরিক সেবা ডিজিটাল ম্যাপ সরবরাহ সেবাটি সহজিকরণের ফলে সেবাগ্রহিতাগণ উক্ত ইনিস্টিটিউটের অফিসিয়াল ওয়েবসাইট (www.srdi.gov.bd) এর তথ্যপ্রযুক্তি সেবা নামক সেবা বক্সে সংযুক্ত ফরম পূরণের মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। নির্দিষ্টকৃত ফি জমা দেওয়ার চালানের কপিসহ মহাপরিচালক বরাবর আবেদনটি অনলাইনে সাবমিট করার সাথে সাথেই তা একটা এক্সেল শিটে জমা হবে। পরবর্তীতে আবেদনে উল্লেখিত ম্যাপের প্রাপ্যতা সাপেক্ষে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগপূর্বক অপেক্ষাকৃত কম সময়ে কাঙ্ক্ষিত ম্যাপ সংগ্রহ করা যাবে।	সেবাটি চলমান রয়েছে।